Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/৭৭ তারিখঃ ০৪/০৪/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আমদানি পণ্য খালাসে এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।**

**সূত্রঃ (ক)** জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/১৫৩, তারিখ: ০২/০৪/২০২৩।
**(খ)** বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২২/২৪৮, তারিখ: ৩০/১০/২০২২।
**(গ)** বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২২/৮৮, তারিখ: ০৯/০৫/২০২২।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সকলে অবগত আছেন যে, রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত কাঁচামাল এইচ. এস. কোড জনিত জটিলতার কারণে খালাসের ক্ষেত্রে বিভিন্নভাবে হয়রানির সম্মুখীন হতে হয়। এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য বিজিএমইএ জাতীয় রাজস্ব বোর্ড ও কাস্টম হাউস গুলোর সাথে বিভিন সভায় মিলিত হয়। এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের কার্যক্রম এখনও চলমান রয়েছে।

এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা সহজীকরণের জন্য ০২/০৪/২০২৩ইং তারিখে জাতীয় রাজস্ব বোর্ড হতে জারীকৃত সূত্রোক্ত স্মারকের মাধ্যমে সকল কাস্টম হাউস, বন্ড কমিশনারেট'সহ সংশ্লিষ্ট সকলকে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।

আপনারদের সদয় অবগতি ও স্মারকে উল্লেখিত এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত দিক নির্দেশনার কপি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো। এছাড়াও এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে জারী দিক নির্দেশনাসমূহ সূত্রোক্ত 'খ' ও 'গ' সার্কুলারের মাধ্যমে আপনাদের অবহিত করা হয়েছে।

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
**সভাপতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/৬৫৬ তারিখ: ০২ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

**বিষয়: The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14 বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।**

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০২.২০/১৮৯, তারিখ: ৩০/০৬/২০২০ খ্রিঃ।
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৭.০১.০০৫.১৪/২০৩, তারিখ: ১১/১০/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14- তে বর্ণিত offences এর বিপরীতে penalties কলামে section 32 এর আওতায় অসত্য ঘোষণার জন্য দন্ড আরোপের বিধান বিষয়ে সূত্রোক্ত পত্র দুটির মাধ্যমে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। কাস্টমস সংশ্লিষ্ট কার্যক্রম অধিকতর ব্যবসা ও বিনিয়োগ বান্ধব করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করছে:

(ক) আমদানিকারক কর্তৃক কোনো কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে কোনো পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে যদি পণ্যের বাণিজ্যিক বা ট্যারিফ বর্ণনা, আর্ট নম্বর, পার্ট নম্বর, ব্র্যান্ড, মডেল, সাইজ, কালার, ক্যাপাসিটি, উৎস দেশ (country of origin) ইত্যাদি যথাযথ থাকে যা থেকে পণ্যটি সম্পর্কে সুস্পষ্ট ধারনা পাওয়া যায় এবং ঘোষিত H.S.Code Bangladesh Customs Tariff (BCT) এর 6-digit পর্যন্ত সঠিক থাকলে তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। তবে, এক্ষেত্রে পণ্যের প্রকৃত বর্ণনার ভিত্তিতে সঠিক H.S.Code কিংবা CPC নিরুপনপূর্বক প্রযোজ্য শুল্ক-কর আদায় করতে হবে।

(খ) কোন পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে CPC ভুল হলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবে না। তবে প্রথমবার আমদানির পরবর্তীতে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে CPC ভুল হলে রাজস্ব সংশ্লিষ্টতা নির্বিশেষে তা মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে।

(গ) আমদানিকৃত পণ্য কোনো একটি কাস্টম হাউস/স্টেশন কর্তৃক কোনো H.S.Code কিংবা CPC এর আওতায় শুল্কায়নপূর্বক খালাস পরবর্তীতে উক্ত একই পণ্য একই বা ভিন্ন কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে আমদানির ক্ষেত্রে যদি ইতোপূর্বে অনুমোদিত H.S.Code কিংবা CPC সঠিক নয় মর্মে কাস্টম হাউসের এসেসমেন্ট কমিটি কিংবা জাতীয় রাজস্ব বোর্ডের শ্রেণীবিন্যাস কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয় এবং পূর্বের অনুমোদিত H.S.Code কিংবা CPC পরিবর্তন করা হয় তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। Partial Shipment সুবিধাযুক্ত ঋণপত্রের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে।

(ঘ) দফা (ক), (খ) ও (গ) মোতাবেক কাস্টমস কর্তৃক নিরুপিত বা অনুমোদিত H.S.Code কিংবা CPC ব্যবহার না করে একই আমদানিকারক কর্তৃক একই জাতীয় পণ্য ভুল H.S.Code কিংবা CPC ঘোষণাপূর্বক আমদানি করলে তা কাস্টমস আইনের ৩২ ধারা মোতাবেক মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে এবং ন্যায় নির্ণয়ন প্রযোজ্য হবে।

০২। এমতাবস্থায়, আপনার অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে .......... পাতা।

02/04/2023

মোঃ পারভেজ রেজা চৌধুরী
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

বিতরণ:

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও।

৭-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/দক্ষিণ/পূর্ব/পশ্চিম/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

২৩-২৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২৭-২৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/উত্তর/চট্টগ্রাম।

৩০-৩১। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।

অনুলিপি:

০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।